

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১১০০

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৪. তৃতীয় অনুচ্ছেদ - সালাতের কাতার সোজা করা

আরবী

عَنْ أَنَسٍ قَالَ: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُول: «اسْتَووا اسْتَوُوا اسْتَوُوا فَوَالَّذِي نَفْسِي بِيَدِهِ إِنِّي لَأَرَاكُمْ من خَلْفي كَمَا أَرَاكُم من بَين يَدي» . رَوَاهُ أَبُو دَاوُد

বাংলা

১১০০-[১৬] আনাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করতেনঃ তোমরা সালাতে সোজা হয়ে দাঁড়াবে, তোমরা সালাতে সোজা হয়ে দাঁড়াবে, তোমরা সালাতে সোজা হয়ে দাঁড়াবে, তোমরা সালাতে সোজা হয়ে দাঁড়াবে। আমার জীবন যার হাতে নিহিত তাঁর কসম করে বলছি, আমি তোমাদেরকে সামনে যেমন দেখতে পাই পেছনেও তদ্ধেপ দেখতে পাই। (আবূ দাউদ)[1]

ফুটনোট

[1] সহীহ: নাসায়ী ৮১৩, আহমাদ ১৩৮৩৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীস থেকে বুঝা যায়, কাতার একই নিয়মে এঁটে এঁটে দাঁড়াতে হবে পরস্পরের মাঝে ফাঁক রাখা যাবে না। হাদীসের শুরুতে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একই কথা তথা 'তোমরা সোজা হয়ে দাঁড়াবে' বারংবার উল্লেখ করে এর প্রতি গুরুত্বারোপ করেছেন। সম্ভবত প্রথম কথাটি সামষ্টিক কথা। দ্বিতীয় কথাটি কাতারের ডান দিকের মুসল্লীদের জন্য এবং তৃতীয় কথাটি কাতারের বাম দিকের মুসল্লীদের জন্য।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন